# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২২৩৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যে অর্থের দিকে ইশারা করলাম তা স্পষ্টকারী হাদীস

## ذِكْرُ الْخَبَرِ الْمُصَرِّحِ بِمَعْنَى مَا أَشَرْنَا إِلَيْهِ

আরবী

2239 - أَخْبَرَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ بَحْرِ بْنِ مُعَاذٍ الْبَزَّازُ بِنَسَا قَالَ: حَدَّثَنَا هِشَامُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ شُعَيْبِ بْنِ شَابُورَ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْعَلَاءِ بْنِ زَبْرٍ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ: عَنْ أَبِيهِ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى صَلَاةً فَالْتُبِسَ عَلَيْهِ فَلَمَّا فَرَغَ قَالَ لِأُبَيِّ: (أَشَهِدْتَ مَعَنَا؟ ) قَالَ: نَعَمْ قال: (فما منعك أن تفتحها علي؟! )
الراوي : عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2239 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود)) (843).

বাংলা

২২৩৯. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক সালাত আদায় করেন। অতঃপর কিরা‘আত পাঠে তাঁর জটিলতার সৃষ্টি হয়। তারপর যখন তিনি সালাত শেষ করেন, তখন তিনি আমার বাবাকে বলেন, “আপনি কি আমাদের সাথে সালাতে উপস্থিত ছিলেন?” জবাবে তিনি বলেন, “জ্বী, হ্যাঁ।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, “তাহলে কেন আমার কিরা‘আতের জট খুলে দিলেন না?”[1]

ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ১৬১৩২; সুনান বাইহাকী: ৩/২১২; আবূ দাউদ: ৯০৭; বাগাবী: ৬৬৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে নির্ভরযোগ্য বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৮৪৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91557

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন